



## ১০ দিনের চন্দ্রাভিযান: পৃথিবীতে আর্টেমিস-২ দলের সফল প্রত্যাবর্তন



শুক্রবার স্থানীয় সময় বিকেলে আর্টেমিস-২ এর ৪ নভোচারী যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া উপকূলে নিরাপদে অবতরণ করেন। ছবি: নাসা

চাঁদের কক্ষপথে ঐতিহাসিক ১০ দিনের অভিযাত্রা শেষ করে নিরাপদে পৃথিবীতে ফিরেছেন আর্টেমিস-২ মিশনের চার নভোচারী। শনিবার (১১ এপ্রিল) বাংলাদেশ সময় সকাল ৬টা ৭ মিনিটের দিকে তাদের বহনকারী মহাকাশযানটি যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া উপকূলে সফলভাবে অবতরণ করে। আন্তর্জাতিক গণমাধ্যমের তথ্য অনুযায়ী, বায়ুমণ্ডলে পুনঃপ্রবেশের সময় প্রায় ৬ মিনিটের একটি সাময়িক যোগাযোগ বিচ্ছিন্নতা তৈরি হলেও শেষ পর্যন্ত কোনো জটিলতা ছাড়াই মিশন সম্পন্ন হয়। এই অভিযানে নভোচারীরা মোট প্রায় ৬ লাখ ৯৪ হাজার মাইলেরও বেশি পথ অতিক্রম করেছেন।

এর আগে, গত ৬ এপ্রিল চাঁদ প্রদক্ষিণকালে মহাকাশযানটি পৃথিবী থেকে সর্বোচ্চ প্রায় ৪ লাখ ৬ হাজার কিলোমিটার দূরত্বে পৌঁছে, যা মানব মহাকাশ ভ্রমণের নতুন রেকর্ড গড়ে। এই মিশনে অংশ নেন রেইড ওয়াইজম্যান, ভিন্টার গ্লোভার, ক্রিস্টিনা কোচ এবং জেরেমি হেনসেন। ভবিষ্যতে চাঁদে মানুষের স্থায়ী উপস্থিতি নিশ্চিত করা এবং মঙ্গলগ্রহে মানব অভিযানের প্রস্তুতিতে এ মিশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অবতরণের পর মিশনের কমান্ডার রেইড ওয়াইজম্যান জানান, তারা সবাই নিরাপদ ও স্থিতিশীল আছেন। অন্যদিকে নাসার প্রশাসক জ্যারেড আইজ্যাকম্যান এই সাফল্যকে নতুন যুগের সূচনা হিসেবে উল্লেখ করে বলেন, নভোচারীদের চাঁদে পাঠানো ও ফিরিয়ে আনার ধারাবাহিকতা আবারও শুরু হলো—এটাই কেবল শুরু।